# যুব সমাজের অবক্ষয়, কারণ ও প্রতিকার

বিভাগ/অধ্যায়ঃ যুব সমাজের অবক্ষয় ও তার কারণ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

লজ্জাহীনতা যুবকদের ধ্বংসের অন্যতম কারণ:

বর্তমান সময়ে, রাস্তাঘাটে উঠতি বয়সের কিছু ছেলেকে দেখা যায় তাদের মাথার চুল উস্কুখুস্কু, শর্ট শার্ট পরা, জিনসের প্যান্ট কোমরের নিচের দিকে পরা, হাত একটু উঁচু করলেই লজ্জা স্থানের কিয়দংশ দেখা যায়। প্যান্টের নিচের অংশ পায়ের পাতার নিচে পরে থাকে অনেকটা ঝাড়ুদারের কাজ করে। দাঁড়ি কেটে মুখের বিশেষ জায়গায় এমনভাবে রাখে যেটা নিশ্চিত কোনো ইহুদী, খৃস্টান, হিন্দু অথবা তথাকথিত মুসলিম নামধারী নায়ক কিংবা কণ্ঠশিল্পীরা করে থাকে।

আর কিছু মেয়েরা ধর্ম, জাত-পাত সব ভুলে পোশাক ছোট করতে করতে এমন পর্যায়ে পৌঁছেছে যে আশংকা হয় তারা ক’দিন পরে চিড়িয়াখানার সদস্যদের মত কিছু দাবি না করে বসে।

এ সবের মুল কারণ হল, লজ্জাহীনতা। যখন মানুষের মধ্যে লজ্জা না থাকে, তখন সে যা ইচ্ছা তাই করতে পারে। লজ্জা মানুষকে খারাপ ও মন্দ কাজ থেকে বিরত রাখে, ভালো কাজে উদ্বুদ্ধ করে। লজ্জা আত্মার একটি ভালো গুণ এবং যাবতীয় উন্নত চরিত্রের মূল, ঈমানের সৌন্দর্য ও ইসলামের নিদর্শন। যেমন- হাদিসে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"إن لكل دين خُلقًا، وخُلُقُ الإسلام الحياء".

প্রতিটি দ্বীনের জন্য উত্তম চরিত্র রয়েছে, আর ইসলামের উত্তম চরিত্র হল, লজ্জা।[1] যার মধ্যে লজ্জা আছে, তার চরিত্র ঠিক আর যার মধ্যে লজ্জা নেই তার চরিত্র ঠিক নেই। লজ্জা মানুষকে নিরাপত্তা দেয় অপমান অপদস্থের হাত থেকে রক্ষা করে।

ওহাব ইবন মুনাব্বেহ রহ. বলেন, ঈমান বস্ত্রহীন, ঈমানের পোশাক তাকওয়া আর ঈমানের সৌন্দর্য লজ্জা। কেউ কেউ বলেন, যে ব্যক্তি ঈমানকে লজ্জার পোশাক পরিধান করাবে, লোকেরা তার দোষ দেখতে পাবে না।

লজ্জা গুরুত্বপূর্ণ ও মর্যাদাপূর্ণ হওয়ার বিষয়টি বিবেচনায় রেখে, ইসলাম লজ্জার প্রতি মানুষকে উদ্বুদ্ধ করে এবং উৎসাহ দেয়। এমনকি লজ্জাকে ঈমান বলে আখ্যায়িত করে। বুখারী ও মুসলিমে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"الإيمان بضعٌ وسبعون شعبة، فأفضلها قول: لا إله إلا الله، وأدناها: إماطة الأذى عن الطريق، والحياء شعبة من الإيمان".

ঈমানের শাখা সত্তরের অধিক, সর্বোত্তম শাখা লা ইলাহা ইল্লাল্লাহ বলা, আর সব চেয়ে ছোট শাখা হল, কষ্টদায়ক বস্তুকে রাস্তা থেকে সরিয়ে দেয়া। আর লজ্জা ঈমানের অন্যতম শাখা।[2] অপর একটি হাদিসে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"الحياء والإيمان قرنا جميعًا، فإذا رفع أحدهما رفع الآخر".

“লজ্জা ও ঈমান একটি অপরটির পরিপূরক। যখন একটি বিলুপ্ত হবে, তখন অন্যটি এমনিতেই চলে যাবে”। লজ্জা ঈমান হওয়ার রহস্য- ঈমান ও লজ্জা উভয়টি মানুষকে কল্যাণের প্রতি আহ্বান করে এবং খারাপ কর্ম হতে দূরে সরায়।

যখন তুমি মানুষের মধ্যে উদাসীনতা, অশ্লীলতা ও নোংরামি দেখবে, তখন তুমি বুঝবে যে মানুষের মধ্যে লজ্জাহীনতা বেড়ে গেছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"إن مما أدرك الناس من كلام النبوة الأولى: إذا لم تستحِ فاصنع ما شئت".

“পূর্বের যুগের নবীদের অবশিষ্ট কথা যা পরবর্তী যুগের উম্মতরা পেয়েছে, তা হল, যখন তুমি লজ্জা করবে না, তখন তুমি যা চাও তাই কর”।[3]

>

## ফুটনোট

[1] ইবনে মাজাহ: ৪১৮১

[2] নাসায়ী, হাদিস: ৫০০৫

[3] বুখারি, হাদিস:৬১২০

Source — https://www.hadithbd.com/books/link/?id=10443

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন